

শ্রীলঙ্কায় রিটার্ন টিকেটে ফিটস এয়ারের বিশাল ছাড়

- A Monitor Desk Report

Date: 14 November, 2024



ঢাকাঃ মাত্র ২৮ হাজার টাকায় ঢাকা থেকে শ্রীলঙ্কার কলম্বো রিটার্ন টিকেট দিচ্ছে দেশটির বেসরকারি এয়ারলাইন্স প্রতিষ্ঠান ফিটস এয়ার।

ছাড় পেতে যাত্রীকে টিকেট কাটতে হবে ১৫ নভেম্বরের মধ্যে। ছাড়ের টিকেটে ভ্রমণ করা যাবে ২০২৫ সালের মার্চের ৩১ তারিখ পর্যন্ত।

ফিটস এয়ারের ওয়েবসাইট থেকে জানা গেছে, যাত্রীরা নির্ধারিত সময়ের মধ্যে রিটার্ন টিকেট কেটে ভ্রমণ করতে পারবেন। এক্ষেত্রে তারা ২০ কেজি চেক-ইন ব্যাগেজ ও ৭ কেজি হ্যান্ড ব্যাগেজ পাবেন। তবে ফ্লাইটে খেতে চাইলে যাত্রীদের কিনে খেতে হবে।

২০২৪ সালের এপ্রিলে বাংলাদেশে ফ্লাইট চালু করে ফিটস এয়ার। এই রুটে এয়ারবাসের এ-৩২০ এয়ারক্রাফট দিয়ে ফ্লাইট পরিচালনা করছে ফিটস।

১৯৯৭ সালে প্রতিষ্ঠিত ফিটস এয়ারের বহরে বর্তমানে তিনটি এয়ারবাস এ৩২০-২০০, একটি এটিআর ৭২-২০০, একটি সেসনা-২০৮বি গ্র্যান্ড ক্যারাবান, দুটি সেসনা-১৫২ এবং একটি সেসনা-১৫০ এয়ারক্রাফট রয়েছে।

-B